**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/10/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট আপিল আদালতের নতুন প্রধান বিচারপতি হিসেবে রোয়ান উইলসনকে মনোনীত করলেন

***এছাড়াও গভর্নর ক্যাটলিন জে. হ্যালিগানকে আপিল আদালতের সহযোগী বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করার জন্য মনোনীত করতে ইচ্ছুক; তিনি প্রধান প্রশাসনিক বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করার জন্য বিচারক জোসেফ জায়াসকে সমর্থন করছেন***

গভর্নর ক্যাথি হোকল আজকে গত ছয় বছর ধরে আপিল আদালতের (Court of Appeals) সহযোগী বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করা মাননীয় রোয়ান ডি. উইলসনকে প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করার জন্য এবং গত গ্রীষ্মে উন্মুক্ত হওয়া পদটি পূরণ করার জন্য মনোনীত করেছেন। এছাড়াও গভর্নরের ইচ্ছা হলো আপিল আদালতের সহযোগী বিচারপতি হিসেবে বিচারক উইলসনের ত্যাগ করা শূন্য পদটি পূরণ করার জন্য তিনি নিউ ইয়র্ক স্টেটের সলিসিটর জেনারেল এবং নিউ ইয়র্ক কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নির জেনারেল কাউন্সেল হিসেবে দায়িত্ব পালন করা এবং বর্তমানে সেলেন্ডি গে এল্সবার্গ PLLC (Selendy Gay Elsberg PLLC) আইন ফার্মের পার্টনার ক্যাটলিন জে. হ্যালিগানকে মনোনীত করবেন। পাশাপাশি, হোকল ঘোষণা করেছেন যে তিনি প্রধান প্রশাসনিক বিচারপতির দায়িত্ব পালন করার জন্য মাননীয় জোসেফ জায়াসকে সুপারিশ করার ব্যাপারে বিচারক উইলসনের ইচ্ছাকে বলিষ্ঠ সমর্থন জানাবেন, এই পদের দায়িত্ব হলো আদালতের কর্মকাণ্ডের তদারকি করা যার বাজেট হলো 3 বিলিয়ন মার্কিন ডলারের বেশি।

"আপিল আদালতের প্রধান বিচারপতি শুধু স্টেটের সর্বোচ্চ আদালতের নেতৃত্ব দেন না, বরং স্টেটজুড়ে বৈচিত্র্যময় ও জটিল আদালতসমূহের ব্যবস্থাপনাও তার দায়িত্ব। একজন বলীয়ান, কার্যকর এবং চিন্তাশীল নেতা নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য, এবং আমি প্রধান বিচারপতি হিসেবে বিচারক উইলসনকে মনোনীত করতে পেরে গর্বিত," **গভর্নর হোকল বলেন।** "ন্যায়বিচার ও সুবিচার প্রতিষ্ঠা করার ক্ষেত্রে বিচারক উইলসনের আদর্শ রেকর্ড তাকে সংকটময় এই সময়ে আদালতের নেতৃত্বদানের জন্য উপযুক্ত করে। আদালত যাতে কার্যকরভাবে কাজ করা অব্যাহত রাখতে পারে তা নিশ্চিত করার জন্য আমি ক্যাটলিন হ্যালিগানকেও মনোনীত করতে ইচ্ছুক, তিনি আমাদের বিচার ব্যবস্থায় একটি অতি গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গি যোগ করবেন। বিচারসংক্রান্ত মনোনয়ন কমিশনের পর্যালোচনা করা সাতজনের তালিকায় মিস হ্যালিগান অতিমাত্রা সুপারিশ হওয়া প্রার্থীদের একজন। আমাদের স্টেটের সর্বোচ্চ আদালতের সম্মান বৃদ্ধির জন্য, নিউ

ইয়র্কবাসীদের অধিকার ও নিরাপত্তা সুরক্ষিত রাখার জন্য, এবং ন্যায়বিচার প্রতিষ্ঠা করা নিশ্চিত করার জন্য প্রতিভাবান এই ব্যক্তিদের সাথে কাজ করতে আমি উন্মুখ। মহামারীর পর থেকে আমাদের আদালতগুলি আটকে আছে, এবং আমাদের ব্যবস্থায় অপর্যাপ্ততার কারণে ন্যায়বিচার যাতে আর বঞ্চিত না হয় তা নিশ্চিত করতে বিচার ব্যবস্থার এই নতুন নেতৃত্বের সাথে আমি কঠোর পরিশ্রম করবো।"

মাননীয় রোয়ান ডি. উইলসন 2017 সাল থেকে আপিল আদালতের সহযোগী বিচারপতির দায়িত্ব পালন করছেন। নিশ্চিত হলে বিচারক উইলসন ইতিহাসের প্রথম কৃষ্ণাঙ্গ প্রধান বিচারপতি হবেন। তিনি হার্ভার্ড কলেজ (Harvard College) থেকে আন্ডারগ্র্যাজুয়েট এবং হার্ভার্ড ল স্কুল (Harvard Law School) থেকে গ্র্যাজুয়েট ডিগ্রি অর্জন করেছেন। আইন স্কুলের পর, 1984 থেকে 1986 সাল পর্যন্ত বিচারক উইলসন মার্কিন যুক্তরাষ্ট্র নর্থ সার্কিটের আপিল আদালতের প্রধান বিচারপতি মাননীয় জেমস আর. ব্রাউনিংয়ের আইন ক্লার্ক হিসেবে কাজ করেছেন।

এরপর তিনি একজন সহযোগী হিসেবে ক্র্যাভাথ, সোয়াইন এবং মুর LLP (Cravath, Swaine & Moore LLP) তে যোগ দেন, এবং 1992 সালে পার্টনার হন, উল্লেখ্য যে তিনি ফার্মটির ইতিহাসের প্রথম কৃষ্ণাঙ্গ পার্টনার ছিলেন। বেসরকারি প্র্যাকটিসের সময়ে, বিচারক উইলসন অসংখ্য কর্পোরেট ও প্রো বোনো বিষয়কে সামাল দিয়েছেন। এছাড়াও তিনি আইনের অধীনে নাগরিক অধিকারের জন্য আইনজীবীদের কমিটির (Lawyers Committee for Civil Rights Under Law) এবং জাতীয় আইন ও অর্থনৈতিক ন্যায়বিচার কেন্দ্রের ( National Center for Law and Economic Justice) ট্রাস্টি হিসেবে এবং হারলেম সম্প্রদায়ে আইনি প্রতিনিধিত্ব ও সম্প্রদায়ভিত্তিক পাবলিক ডিফেন্স সেবাদানকারী হারলেমের নেইবারহুড ডিফেন্ডার সার্ভিসের (Neighborhood Defender Service of Harlem) চেয়ারম্যান হিসেবে একুশ বছর ধরে দায়িত্ব পালন করেছেন।

**রোয়ান ডি. উইলসন বলেন,** "আপিল আদালতের প্রধান বিচারপতি হিসাবে কাজ করা আমার ক্যারিয়ারের জন্য সম্মানের ব্যাপার হবে এবং আমি গভর্নর হোকলের কাছ থেকে এই মনোনয়ন পেয়ে বিনীত হয়েছি। নিউ ইয়র্কবাসীদের অধিকার সুরক্ষিত রাখা আমার শীর্ষ অগ্রাধিকার এবং আমাদের আদালতসমূহের ব্যবস্থাপনা ও ন্যায়বিচার প্রধান করার জন্য আমাদের পুরো বিচার ব্যবস্থায় আমাদের অংশীদার ও গভর্নর হোকলের সাথে কাজ করার জন্য আমি উন্মুখ।"

ক্যাটলিন জে. হ্যালিগান বর্তমানে সেলেন্ডি গে এলসবার্গ PLLC আইন ফার্মের এখন পার্টনার। মিস হ্যালিগান প্রিন্সটন ইউনিভার্সিটি (Princeton University) থেকে তার আন্ডারগ্র্যাজুয়েট এবং জর্জটাউন ইউনিভার্সিটি ল সেন্টার (Georgetown University Law Center) থেকে তার গ্র্যাজুয়েট ডিগ্রি অর্জন করেছেন।আইন স্কুল থেকে গ্র্যাজুয়েট করার পর, তিনি কলাম্বিয়া সার্কিট জেলার মার্কিন যুক্তরাষ্ট্র আপিল আদালতের মাননীয় প্যাট্রিসিয়া ওয়াল্ডের এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের সহযোগী বিচারপতি মাননীয় স্টিফেন ব্রেয়ারের আইন ক্লার্ক হিসাবে কাজ করেন।

মিস হ্যালিগান নিউ ইয়র্ক স্টেটের অ্যাটর্নি জেনারেলের অফিসের (Office of the New York State Attorney General) ইন্টারনেট ব্যুরোর (Internet Bureau) প্রধান হিসেবে এবং নিউ ইয়র্ক স্টেটের প্রথম ডেপুটি সলিসিটর জেনারেল এবং 2001 থেকে 2007 সাল পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটের সলিসিটর জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি নিউ ইয়র্ক কাউন্টি

ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসের জেনারেল কাউন্সেল হিসেবে দায়িত্ব পালন করেছেন। বর্তমানে তিনি হার্ভার্ড ল স্কুলের আইনের প্রভাষক হিসেবে একাধিক ক্লাসে শিক্ষাদান করছেন এবং এর পূর্বে কলাম্বিয়া ল স্কুল (Columbia Law School) ও জর্জটাউন ল সেন্টারে শিক্ষাদান করেছেন।

**ক্যাটলিন জে হ্যালিগান বলেন,** "আমাদের আদালতগুলির জন্য এখন সকলের জন্য অখণ্ডতা, ন্যায্যতা ও ন্যায়বিচারের একটি স্থান হয়ে উঠা অন্য যেকোনো সময়ের থেকে বেশি প্রয়োজন এবং আমি আদালতে বহাল থাকলে সেই মূল্যবোধসমূহ ধরে রাখার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের বিচার ব্যবস্থার সঙ্কটকালীন এই সময়ে আমার উপর আস্থা স্থাপন করার জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

1847 সালে সাংবিধানিক সংশোধন দ্বারা নিউ ইয়র্ক আপিল আদালত স্থাপিত হয়। এর প্রথম বিশ বছর, আদালতের অর্ধেক বিচারক নির্বাচিত হতেন এবং বাকি অর্ধেক সুপ্রিম কোর্টের বিচারপতিদের মধ্যে থেকে গভর্নর কর্তৃক নিয়োগ পেতেন। 1867-68 সালের সাংবিধানিক সম্মেলন (Constitutional Convention) সাতজন বিচারকের জন্য নতুন আর্টিক্যাল প্রদান করে এবং এর পর থেকে 1977 সাল পর্যন্ত আদালতের বিচারপতি দেশব্যাপী নির্বাচন দ্বারা বাছাই করা হতো। 1977 সালে, আদালতের নিয়োগদানের জন্য গভর্নরকে সুপারিশ করার জন্য একটি বিচারসংক্রান্ত মনোনয়নের কমিশন (Commission on Judicial Nomination) তৈরির জন্য স্টেটের সংবিধানকে সংশোধিত করা হয় এবং এর ফলে সিনেটের পরামর্শ ও মত অনুযায়ী সেইসব সুপারিশের মধ্যে থেকে নিয়োগদান গভর্নরের জন্য আবশ্যিক হয়। সংগঠনটির জন্য এবং কমিশনের প্রক্রিয়ার জন্য কাজ করার জন্য সাংবিধানিক সংশোধন দ্বারা বাধ্য হয়ে, 1978 সালে আইনসভা জুডিশিয়ারি আইনের আর্টিক্যাল 3-A গ্রহণ করে যা 1980 দশকে আরো দুইবার সংশোধিত হয়। সাংবিধানিক ও সংবিধিবদ্ধ বাধ্যবাধকতার সাথে সঙ্গতি রেখে জুডিশিয়ারি আইনে আরো সংশোধন আনার জন্য গভর্নর হোকলের পরিকল্পনা রয়েছে, যা আদালতের একটি শূন্যস্থান পূরণের জন্য ইতিমধ্যে বিদ্যমান একটি অনুমোদিত তালিকা থেকে বাছাইয়ের ব্যবস্থা করার মাধ্যমে একজন গভর্নরকে ত্বরান্বিতভাবে সহযোগী বিচারকের পদ পূরণ করার অনুমতি দেয়, যদি একজন সহযোগী বিচারকের প্রধান বিচারপতি হওয়ার ফলে পদটি শূন্য হয়।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418